# কাছাড়ের ৪০টি স্কুলে একযোগে মহড়া

## ২৭ হাজারেরও বেশি পড়ুয়ার অংশগ্রহণ

**ভূমিকম্প ও অগ্নি-নিরাপত্তা**





**বার্তালিপি প্রতিবেদন, শিলচর, ২৯ অক্টোবর** : নিরাপত্তা ও দুর্যোগ প্রস্তুতি সম্পর্কে স্কুল পর্যায়ে সচেতনতা বাড়াতে কাছাড় জেলাজুড়ে অনুষ্ঠিত হল 'গ্রেট আসাম স্কুল শেক আউট মক ড্রিল'। জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ (ডিডিএমএ)-এর উদ্যোগে এবং অসম রাজ্য দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ (এএসডিএমএ)-এর সহযোগিতায় আয়োজিত এই মহড়া জেলায় একযোগে ৪০টি স্কুলে আয়োজন করা হয়।

বুধবার স্কুলভিত্তিক এই মহড়ার মূল উদ্দেশ্য ছিল ভূমিকম্প ও অগ্নিকাণ্ডের মতো জরুরি পরিস্থিতিতে শিক্ষার্থী, শিক্ষক ও বিদ্যালয় প্রশাসনের প্রস্তুতি যাচাই করা এবং প্রয়োজনীয় পরামর্শ দেওয়া। এই উদ্যোগে মোট ২৭,৭৮০ জন অংশ নেন। এদের মধ্যে ছিলেন শিক্ষার্থী, শিক্ষক ও অশিক্ষক কর্মচারীরা। এই মহড়াগুলো সফলভাবে সম্পন্ন হয় ফায়ার অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিস, সিকিউআরটি, ডিডিআরএফ এবং আপদা মিত্র স্বেচ্ছাসেবকদের সহযোগিতায়।

মহড়ায় অংশগ্রহণকারীরা ভূমিকম্পের সময় অনুসরণযোগ্য ড্রপ, কভার অ্যান্ড হোল্ড পদ্ধতি, জরুরি পরিস্থিতিতে স্কুল খালি করার প্রক্রিয়া এবং অগ্নি-নিরাপত্তা সম্পর্কে ব্যবহারিক প্রশিক্ষণ লাভ করেন। প্রতিটি স্কুলে শিক্ষার্থী ও কর্মীরা নির্ধারিত নিরাপদ স্থানে সুশৃঙ্খলভাবে সমবেত হওয়া, সহযোগিতামূলকভাবে সাড়া দেওয়া এবং নিরাপদে স্থানান্তরিত হওয়ার প্র্যাকটিস করেন, যা ভবিষ্যতে বাস্তব দুর্যোগ পরিস্থিতিতে দ্রুত ও সংগঠিত প্রতিক্রিয়ায় সহায়ক হবে। ইউনিসেফ-এর কর্মকর্তা, বিদ্যালয় প্রশাসন এবং শিক্ষকদের যৌথ প্রয়াসে এই মহড়া সম্পন্ন হয়।

# কাছাড়ে ৪০ স্কুলে একযোগে 'গ্রেট অসম স্কুল শেকআউট' মক ড্রিল

## অংশ নিল ২৭,০০০-রও বেশি শিক্ষার্থী



অগ্নিকাণ্ডে পরিস্থিতি কীভাবে সামাল দিতে হয়, তা মকড্রিলের মাধ্যমে শেখানো হচ্ছে পড়ুয়াদের।

জনসংযোগ প্রতিবেদন
শিলচর। ২৯ অক্টোবর

নিরাপত্তা ও দুর্যোগ প্রস্তুতি সম্পর্কে স্কুল পর্যায়ে সচেতনতা বাড়ানোর এক প্রশংসনীয় উদ্যোগ হিসেবে বুধবার কাছাড় জেলাজুড়ে অনুষ্ঠিত হল 'গ্রেট অসম স্কুল শেকআউট মক ড্রিল'। কাছাড়ের জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ (ডিডিএমএ)-র উদ্যোগে এবং অসম রাজ্য দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ (এএসডিএমএ)-র সহযোগিতায় আয়োজিত এই মহড়া জেলায় একযোগে ৪০টি স্কুলে সম্পন্ন হয়েছে।

স্কুলভিত্তিক এই মহড়ার মূল উদ্দেশ্য ছিল ভূমিকম্প ও অগ্নিকাণ্ডের মতো জরুরি পরিস্থিতিতে শিক্ষার্থী, শিক্ষক ও বিদ্যালয় প্রশাসনের প্রস্তুতি এবং ক্ষমতা বৃদ্ধি করা। এই উদ্যোগে মোট ২৭,৭৮০ জন শিক্ষার্থী, শিক্ষক এবং অশিক্ষক কর্মচারী সক্রিয়ভাবে অংশ নেন ও বাস্তবমুখী মহড়ার মাধ্যমে দুর্যোগ মোকাবিলার মূল্যবান জ্ঞান অর্জন করেন।

ডিডিএমএ-র তত্ত্বাবধানে আয়োজিত এই মহড়াগুলি সফলভাবে সম্পন্ন হয় ফায়ার অ্যান্ড এমার্জেন্সি সার্ভিস, সিকিউআরটি, ডিডিআরএফ এবং 'আপদা মিত্র' স্বেচ্ছাসেবকদের সহযোগিতায়। অংশগ্রহণকারীরা ভূমিকম্পের সময় অনুসরণযোগ্য 'ড্রপ, কভার অ্যান্ড হোল্ড' পদ্ধতি, জরুরি পরিস্থিতিতে স্কুল খালি করার প্রক্রিয়া এবং অগ্নি-নিরাপত্তা সম্পর্কে ব্যবহারিক প্রশিক্ষণ লাভ করেন।

প্রতিটি স্কুলে শিক্ষার্থী ও কর্মীরা নির্ধারিত নিরাপদ স্থানে সুশৃঙ্খলভাবে সমবেত হওয়া, সহযোগিতামূলকভাবে পৃঃ৯

# Over 27,000 participants joined 'Great Assam School Shakeout' in Cachar

***A Massive Step Toward Disaster-Ready Schools; DDMA and ASDMA jointly conduct earthquake and fire safety mock drills across 40 schools to strengthen disaster preparedness and awareness among students and teachers***

**NE News SILCHAR :** In a remarkable initiative aimed at fostering a culture of safety and preparedness, the District Disaster Management Authority (DDMA), Cachar, in collaboration with the Assam State Disaster Management Authority (ASDMA), successfully organised the "Great Assam School Shakeout Mock Drills" on earthquake and fire safety across 40 schools in Cachar district on Wednesday.

The district-wide exercise, designed to enhance awareness and response capacity among students and school communities, saw the active participation of 27,780 individuals including students, teachers, and non-teaching staff. The simultaneous drills across multiple schools demonstrated Cachar's growing emphasis on strengthening disaster resilience at the grassroots level.

Under the guidance of DDMA, Cachar, the drills were meticulously executed with support from Fire & Emergency Services, Community Quick Response Teams (CQRT), District Disaster Response Force (DDRF), and Aapda Mitra volunteers. The coordinated efforts created a realistic simulation of emergency situations, offering participants hands-on experience in handling crisis scenarios.

The mock drills featured live demonstrations of "Drop, Cover, and Hold" techniques , crucial during earthquakes as well as emergency evacuation processes and fire safety protocols. Students and staff practiced quick assembly, orderly movement to safe zones, and teamwork-based response measures, reflecting growing community readiness for real-world emergencies.

Officials from UNICEF, along with school administrators and teachers, played an active role in coordinating the event, reaffirming the collective commitment towards disaster risk reduction and community safety. The initiative not only educated young minds but also instilled a sense of responsibility and awareness crucial for reducing casualties during unforeseen calamities.

The "Great Assam School Shakeout Mock Drills" initiative stands as a testament to the Assam Government's continued dedication towards building a disaster-resilient society. Through sustained awareness drives, hands-on training, and collaborative engagement, Cachar district is steadily moving towards a safer and better-prepared future. (DDIPR Silchar Release)

# কাছাড়ে ৪০ স্কুলে একযোগে 'গ্রেট অসম স্কুল শেকআউট' মক ড্রিল

সাড়া দেওয়া এবং নিরাপদে স্থানান্তরিত হওয়ার প্র্যাকটিস করেন, যা ভবিষ্যতে বাস্তব দুর্যোগ পরিস্থিতিতে দ্রুত সহায়ক হবে।

ইউনিসেফ-এর কর্মকর্তা, বিদ্যালয় প্রশাসন এবং শিক্ষকবৃন্দ যৌথভাবে এই কর্মসূচির সমন্বয় সাধন করেন। জেলা প্রশাসনের এই পদক্ষেপ সমাজের সর্বস্তরে দুর্যোগ ঝুঁকি হ্রাস ও জননিরাপত্তা সুনিশ্চিত করার ক্ষেত্রে এক বড় পদক্ষেপ হিসেবে বিবেচিত হচ্ছে।

'গ্রেট অসম স্কুল শেকআউট মক ড্রিল' উদ্যোগটি প্রমাণ করে, অসম সরকার রাজ্যের প্রতিটি স্তরে দুর্যোগ-সহনশীল সমাজ গঠনে প্রতিশ্রুতিবদ্ধ। ধারাবাহিক সচেতনতা, প্রশিক্ষণ ও সহযোগিতামূলক অংশগ্রহণের মাধ্যমে কাছাড় জেলা আরও নিরাপদ ভবিষ্যতের দিকে এগিয়ে যাচ্ছে।